

বাণিজ্য মন্ত্রণালয়ের আওতায় ২০১৫-১৬ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের
ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্র: নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্তকৃত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরন			সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত শতকরা হার%	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্ত শতকরা হার%
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী প্রকল্পের সংখ্যা	জেডিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা					
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
১।	বাণিজ্য মন্ত্রণালয়	০২টি	০০	০২টি	০১টি	০১টি	০১টি	৬৬%	০০টি	০০

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা- ০২টি

২। সমাপ্তকৃত প্রকৃত ব্যয় ও মেয়াদকাল:

প্রকল্পের নাম	প্রকৃতব্যয়	প্রকৃতবাস্তবায়নকাল
১। Bangladesh Economic Growth Program (3rd Revised)।	২৩৯৮.৯৭	ফেব্রুয়ারী, ২০১১ হতে জুন, ২০১৬
২। Raising Transparency in Garment and Textile value Chains	১৭০.০০	০১/০৯/১৫ হতে ৩০/৬/১৬

৩। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ:

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
১। Bangladesh Economic Growth Program (3rd Revised)।	প্রকল্প বাস্তবায়নে মোট ৮ বৎসর ৪ মাস সময় লেগেছে যা মূল অনুমোদিত বাস্তবায়নকাল অপেক্ষা ৩ বৎসর ৪ মাস বেশী। ৫ বৎসরের বাস্তবায়নের জন্য নির্ধারিত প্রকল্পের ৬৬.৬৬% বেশী সময়ে বাস্তবায়ন কাম্য নয়। যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে অনেক পূর্বেই সুফল পাওয়া যেতো।

৪। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা	সুপারিশ
<p>৪.১ প্রকল্পটি বাস্তবান কালীন সময় (২০০৮-২০১৬) পর্যন্ত ৮ বৎসর ৪ মাসে মোট ৩ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী জনিত কারণে প্রকল্প বাস্তবায়নে বিঘ্নিত হয়েছে বলে প্রতীয়মান হয়।</p>	<p>৪.১ প্রকল্প সূষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকল্পে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী বা পরিবর্তন না করে বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রকল্প পরিচালক নিয়োগে সচেষ্ট থাকার প্রয়োজন। প্রকল্পের প্রকল্প পরিচালক ও অন্যান্য জনবল জরুরী প্রয়োজন না হলে বদলী/পরিবর্তন না করার সুপারিশ করা হলো।</p>
<p>৪.২ সমাপ্ত প্রকল্পের আওতায় প্রক্রিয়াধীন External Audit যথাশীঘ্র সম্পন্ন করতে হবে।</p>	<p>৪.২ প্রকল্পের External Audit সম্পন্ন করে তা ছাপলিপি পরিকল্পনা ও আইএমই ডি'তে প্রেরণ করতে হবে।</p>
<p>৪.৩ প্রকল্পটি প্রথম অনুমোদিত হয় ফেব্রুয়ারী ২০০৮-ফেব্রুয়ারী ২০১৩ পর্যন্ত। কিন্তু প্রকল্পের সংশোধিত এডিপি বরাদ্দ প্রদান করা হয় ২০১০-১১ সাল থেকে যা পি সিআর এ প্রদর্শন করা হয়েছে। এ ক্ষেত্রে দেখা যায় যে প্রকল্প শুরুর বৎসরের চেয়ে প্রায় ২ বছর পর বরাদ্দ প্রদান করা হয়। ফলে প্রকল্পের কার্যক্রম দেরীতে শুরু করা হয় মর্মে প্রতীয়মান হয়েছে।</p>	<p>৪.৩ ভবিষ্যতে অন্য কোন প্রকল্পের বাস্তবায়ন ক্ষেত্রে যাতে সময় বেশী না লাগে এবং যথা সময়ে প্রকল্প শেষ করা যায় তা অস্বাভাবিক বিলম্ব না ঘটে সে বিষয়ে সংস্থা ও মন্ত্রণালয়কে সচেষ্ট থাকতে হবে।</p>

Bangladesh Economic Growth Program (3rd Revised)

-শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

- ১। প্রকল্পের নাম : Bangladesh Economic Growth Program (3rd Revised).
 ২। প্রকল্পের অবস্থান : সমগ্র বাংলাদেশ
 ৩। বাস্তবায়নকারী সংস্থা : বিজনেস প্রমোশন কাউন্সিল (বিপিসি), (ইউ এস এইড)
 ৪। প্রশাসনিক মন্ত্রণালয় : বাণিজ্য মন্ত্রণালয়
 ৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (জিওবি)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের%)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের%)
মূল (জিওবি, প্র: সা:)	সর্বশেষ সংশোধিত (জিওবি)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৭০৭৮.০০ (জিওবি ৩৭৬১.০০ + প্র: সা: ১৩৩১৭.০০)	২৫১৬.১৪	২৩৯৮.৯৭	ফেব্রুয়ারী, ২০০৮ হতে ফেব্রুয়ারী ২০১৩	ফেব্রুয়ারী, ২০০৮ হতে মার্চ ২০১৬	ফেব্রুয়ারী, ২০০৮ হতে জুন ২০১৬	১৩৬২.০৩ (৩৬.২১%)	৩ বছর ৪ মাস (৬৬.৬৬%)

- ৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বা স্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

ক্রঃনং	পিসিআর অনুযায়ী অংশের নাম (শুধুমাত্র জিওবি)	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
১.	পিএমইউ	-	৪৭৬.৬৫	-	৪৭৬.৬৩ (৯৯.৯৯%)	-
২.	বিপিসি	-	২৫৫.০০	-	১৩৮.৩৭ (৫৪.২৬%)	-
৩.	হটিকালচার	-	৯৯.৭৭	-	৯৯.৭৭ (১০০%)	১১
৪.	এগ্রিকালচার	-	৯৮১.৮১	১৯০	৯৮১.৮২ (১০০%)	৩২১
৫.	লোদার	-	৭০২.৯১	২১৮	৭০২.৮৭ (৯৯.৯৩%)	২২০
মোট			২৫১৬.১৪		২৩৯৮.৯৭ (৯৫.৩৪%)	

- ৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ

টিপিপি-র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের শুধুমাত্র জিওবি অংশের কাজ সম্পন্ন করা হয়েছে। কারণ হিসেবে জানা যায় যে, প্রকল্পটি শুরু মেয়াদকাল ফেব্রুয়ারী ২০০৮ নির্ধারণ করা হলেও প্রকল্পটির কার্যক্রম ২০১০-১১ অর্থ বছর থেকে

শুরু হয়। ফলে প্রকল্পটি নির্ধারিত মেয়াদকালে শুরু করতে বিলম্ব হয়েছে। তাছাড়া দাতা সংস্থার সাথে অর্থ ছাড় ও বিভিন্ন দ্বি-পাক্ষিক বিষয়ের কারণে আন্তঃখাত সমন্বয়ের মাধ্যমে প্রকল্প সাহায্য খাতের টাকা বাদ দিয়ে শুধুমাত্র জিওবি খাতে ২৫১৬.১৪ লক্ষ টাকা সংস্থান রেখে প্রশাসনিক আদেশ জারি করা হয়। সে অনুযায়ী জিওবি 'র ২৫১৬.১৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ের মধ্যে ২৩৯৮.৯৭ লক্ষ টাকা (আর্থিক অগ্রগতি ৯৫.৩৪%) ব্যয় করে প্রকল্পটির কাজ শেষ করা হয়েছে। অর্থাৎ প্রকল্পের আর্থিক অগ্রগতি হলেও বাস্তব অগ্রগতি পিসিআরএ প্রদর্শন করা হয়নি বলে প্রতীয়মান হয়।

৮। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছেঃ

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;

৯। প্রকল্পের মূল উদ্দেশ্য ও পটভূমিঃ

৯.১ প্রকল্পের মূল উদ্দেশ্যঃ

প্রকল্পের মূল উদ্দেশ্য হলো এ্যাকুয়াকালচার, হার্টিকালচার এবং চামড়াজাত দ্রব্য উৎপাদনে প্রতিযোগিতা বৃদ্ধির মাধ্যমে দারিদ্র্য বিমোচন।

৯.২ প্রকল্পের পটভূমিঃ

“Multi Fiber Agreement (MFA)” এর আওতায় সুবিধা পেয়ে তৈরী পোশাক শিল্পে গত আড়াই দশকে বিস্ময়কর অগ্রগতি সাধিত হয়েছে। গত ৪০ বছরের পুরনো এমএফএ কোটা পদ্ধতি উঠে গেলেও বাংলাদেশ সম্পর্কে ভবিষ্যৎ বাণী করা সত্ত্বেও তার অগ্রগতি ধরে রাখতে পেরেছে। বর্তমানে বিশ্ব মন্দার কারণে রপ্তানী কিছুটা স্তিমিত হয়েছে। এ লক্ষ্যে উৎপাদনশীলভাবে প্রবৃদ্ধি এবং সম্পদের পুঞ্জীভূত বিষয়কে উন্নতি সাধন করা প্রয়োজন। বাংলাদেশকে কৃষি ভিত্তিক অর্থনীতি থেকে শিল্প ভিত্তিক অর্থনীতিতে রূপান্তরিত করা প্রয়োজন। প্রতি বছর খুবই সম্ভাবনাময় ২০ লক্ষ জনশক্তি বাংলাদেশের অর্থনীতিতে যুক্ত হচ্ছে। স্বাধীনতার পরবর্তী বছর ১৯৭২-৭৩ সালে বাংলাদেশের রপ্তানী আয় ছিল ৩৪৮ মিলিয়ন মার্কিন ডলার। গত ৩৫ বছরে এর প্রবৃদ্ধি দশ গুণ বৃদ্ধি পেয়েছে। তবে দেশের রপ্তানী আয় তৈরী পোশাকসহ কয়েকটি পণ্যের মধ্যে সীমাবদ্ধ আছে। ফলে রপ্তানী আয় একটি ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। এ অবস্থা থেকে উত্তরণের জন্য পণ্য ও বাজার উভয় দিক দিয়ে রপ্তানীকে বহুমুখীকরণ করা প্রয়োজন। এরই অংশ হিসেবে হার্টিকালচার, এ্যাকুয়াকালচার ও লেদার সেক্টরে রপ্তানীর বাধাসমূহ দূরীকরণের জন্য আলোচ্য প্রকল্প গ্রহণ করা হয়েছে।

১০। প্রকল্পের অনুমোদনঃ

প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদন হওয়ার পর পরিকল্পনা কমিশনের ১৮/১০/২০১০ তারিখে স্মারক নং ২০.৪৫২.০১৪.০২.০১.৩৮৫.২০০৮/৩১৮ নং পত্র মারাফত প্রশাসনিক অনুমোদন জারি করা হয়। যার প্রাক্কলিত ব্যয় ১৭০৭৮.০০ লক্ষ টাকা (জিওবি ৩৭৬১.০০ এবং প্র: সা: ১৩৩১৭.০০) ও মেয়াদকাল ফেব্রুয়ারী ২০০৮ হতে ফেব্রুয়ারী ২০১৩ পর্যন্ত। পরবর্তীতে পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ০৭/১২/২০১১ তারিখে ১৭০৭৮.০০ লক্ষ টাকা (জিওবি ৩৭৬১.০০ এবং প্র: সা: ১৩৩১৭.০০) প্রাক্কলিত ব্যয়ে ফেব্রুয়ারী ২০০৮ হতে ফেব্রুয়ারী ২০১৩ সময়ে

বাস্তবায়নের জন্য (সংশোধিত) অনুমোদিত হয়। আবারও প্রকল্পটির ব্যয় ও মেয়াদকাল সংশোধন করে ১৫৮৩৩.১৪ লক্ষ টাকা (জিওবি ২৫১৬.১৪ এবং প্র: সা: ১৩৩১৭.০০) প্রাক্কলিত ব্যয়ে ফেব্রুয়ারী ২০০৮ হতে মার্চ ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য (তৃতীয় সংশোধিত) অনুমোদিত হয়। প্রকল্পটি সর্বশেষ আন্ত:খাত সমন্বয়ের মাধ্যমে প্রকল্প সাহায্য অংশ বাদ দিয়ে শুধুমাত্র জিওবি অংশের ২৫১৬.১৪ লক্ষ টাকা বরাদ্দ রেখে প্রকল্পটির মেয়াদকাল ফেব্রুয়ারী ২০০৮ হতে জুন ২০১৬ পর্যন্ত নির্ধারণ করা হয়। সে অনুযায়ী শুধুমাত্র জিওবি অংশের টাকা ব্যয় করা হয়।

১১। প্রকল্প এলাকা পরিদর্শনঃ

১১.১ প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক জনাব মো: গোলাম সরওয়ার ০৯/০৯/২০১৭ তারিখে প্রকল্প অফিসে প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন।

১১.২ প্রকল্পের কাজের বর্তমান অবস্থা:

প্রকল্পটি পর্যবেক্ষণ করে দেখা যায় যে, প্রকল্পটির ডিপিপিতে যে কয়টি উদ্দেশ্যে ছিল, তার মধ্যে জিওবি অংশের উদ্দেশ্যে ছাড়া বাকী উদ্দেশ্যগুলি দাতা সংস্থার সাথে সমন্বয়হীনতার কারণে প্রকল্প সাহায্য অংশ বাদ দিয়ে আন্ত:খাত সমন্বয়ের মাধ্যমে জিওবি অংশের বরাদ্দকৃত অর্থ ব্যয়ের মাধ্যমে প্রকল্পটি সমাপ্ত করা হয়। যার ফলে প্রকল্পটির বেশ কয়েকটি উদ্দেশ্যে সফল হয়নি মর্মে প্রতীয়মান হয়। তাছাড়া প্রকল্পটি নির্ধারিত সময়ে শুরু করার কথা থাকলেও প্রকৃত পক্ষে আরম্ভ করতে দেয়া হয়েছে বলে প্রকল্প সংশ্লিষ্টগন পরিদর্শনকালে জানিয়েছেন। পরিদর্শনকালে জানা যায় যে, প্রকল্পটি দাতা সংস্থা ও বাংলাদেশ সরকার কর্তৃক বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল। কিন্তু ঘন ঘন প্রকল্প পরিচালক বদলি হওয়ার কারণে সবচেয়ে বেশী সমস্যা সৃষ্টি হয়েছে। এ ধরনের প্রকল্প গ্রহণের পূর্বে নীতিনির্ধারণ পর্যায়ে সঠিক সিদ্ধান্ত ও সময় উপযোগী পদক্ষেপ গ্রহণ করা সব চেয়ে জরুরী বিষয় ছিল বলে পরিদর্শন কালে প্রতীয়মান হয়েছে। উপরোক্ত বিষয়সমূহই প্রকল্পের বর্তমান অবস্থা বলে প্রতীয়মান হয়েছে।

১১.৩ মন্ত্রণালয় হতে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে নীচে প্রকল্পের টিপিপিতে সংশোধিত এডিপিপিতে অর্থ বরাদ্দ, বাৎসরিক ব্যয় এবং বাস্তব অগ্রগতি প্রদর্শন করা হলো:

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ	ব্যয়	বাস্তব অগ্রগতি
২০১০-২০১১	১৫০.০০	২২.০৬	১৪.৭১
২০১১-২০১২	৩৫০.০০	২৩৩.৫৫	৬৬.৭৩
২০১২-২০১৩	৮০০.০০	২৮৪.২৯	৩৫.৫৪
২০১৩-২০১৪	৪০০.০০	২৮৫.৮১	৭১.৪৫
২০১৪-২০১৫	৬৪৮.০০	৫৩২.২৭	৮২.১৪
২০১৫-২০১৬	১১৪৯.০০	১০৪০.৯৭	৯০.৬০

১২। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি:

প্রকল্পটি সর্বশেষ আন্ত:খাত সমন্বয়ের মাধ্যমে প্রকল্প সাহায্য অংশ বাদ দিয়ে অনুমোদিত বাস্তবায়নকাল ফেব্রুয়ারী ২০০৮ হতে জুন ২০১৬ পর্যন্ত বৃদ্ধি করে শুধুমাত্র জিওবি অংশের ২৫১৬.১৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ের মধ্যে জুন ২০১৬ পর্যন্ত ব্যয় হয়েছে ২৩৯৮.৯৭ লক্ষ টাকা (৯৫.৩৪%)।

১৪.০ প্রকল্পের জনবল নিয়োগ:

প্রকল্পের টিপিপিতে ৮ জন অফিসারের মধ্যে ৫ জনকে নিয়োগ দেয়া হয়। এর মধ্যে ৪ জন পুরুষ ও এক জন মহিলা, ২২ জন কর্মচারী মধ্যে ১৮ জন কর্মচারীকে নিয়োগ দেয়া হয়। এর মধ্যে ১৭ জন পুরুষ ও এক জন মহিলা। তাদেরকে জিওবি খাত থেকে বেতন ভাতা প্রদান করা হয়। প্রকল্প সমাপ্তিকালীন পর্যন্ত তারা প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রমের সাথে সম্পৃক্ত ছিল বলে জানা যায়।

১৫.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবী	পূর্ণকালীন	খণ্ডকালীন	তারিখ	
			যোগদান	বদলী
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১) মোঃ আহসান আব্দুল্লাহ যুগ্ম সচিব	পূর্ণকালীন	-	২৭ জানুয়ারী ২০১৫	৩০ জুন ২০১৬
২) মোঃ গোলাম ইয়াহিয়া যুগ্ম সচিব	অতিরিক্ত (চলতি দায়িত্ব)	-	২৯ জানুয়ারী ২০১৪	২৭ জানুয়ারী ২০১৫
৩) মোঃ মাহফুজুর রহমান যুগ্ম সচিব	পূর্ণকালীন	-	১লা মার্চ ২০১২	২৯ জানুয়ারী ২০১৪

১৬.০ প্রকল্পের প্রকিউরমেন্ট সম্পর্কিত তথ্য:

প্রকল্পের আওতায় প্রকিউরমেন্ট সংক্রান্ত বিধান যেমন: দরপত্র আহবান, ভিভিন্ন কমিটি গঠন, দরপত্র মূল্যায়ন, কার্যাদেশ প্রদান ইত্যাদি প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।

১৮.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পনা	অর্জন
প্রকল্পের মূল উদ্দেশ্য হলো এ্যাকুয়াকালচার, হার্টিকালচার এবং চামড়া জাত দ্রব্য উৎপাদনে প্রতিযোগিতা বৃদ্ধির মাধ্যমে দারিদ্র্য বিমোচন।	বর্তমানে কৃষি, মৎস্য ও চামড়া সেক্টর নানা ধরনের সমস্যার সম্মুখীন যা এ প্রকল্পের মাধ্যমে সমাধান করা আবশ্যিক ছিল। কিন্তু এ উদ্দেশ্যটি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। তবে প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে বিভিন্ন ধরনের ট্রেনিং, স্টাডি, যন্ত্রপাতি ক্রয় সম্পন্ন করা হয়েছে। তবে দারিদ্র্য বিমোচনে অত্র প্রকল্পটি কতটা ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে তা এ পর্যায়ে নিরূপণ করা সম্ভব হয়নি।

১৭.০ সাধারণ পর্যবেক্ষণ:

১৭.১ ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী:

প্রকল্পটির বাস্তবায়নকালীন সময় (২০০৮ থেকে ২০১৬) পর্যন্ত ৮ বছর ৪ মাসে মোট ৩ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলিজনিত কারণে প্রকল্প বাস্তবায়ন বিঘ্নিত হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৭.২ প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run):

প্রকল্পটি বাস্তবায়নে মোট ৮ বছর ৪ মাস সময় ব্যয় হয়েছে যা মূল অনুমোদিত বাস্তবায়নকাল অপেক্ষা ৩ বছর ৪ মাস মাস

বেশী। ৫ বছরে বাস্তবায়নের জন্য নির্ধারিত প্রকল্পের ৬৬.৬৬% বেশী সময়ে বাস্তবায়ন কাম্য নয় | যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়িত হলে অনেক পূর্বেই সুফল পাওয়া যেতো।

১৭.৩ প্রকল্পের অডিট নিষ্পত্তি না হওয়া:

সমাপ্ত প্রকল্পের পিসিআর পর্যবেক্ষনে দেখা যায়, প্রকল্প চলাকালীন এবং প্রকল্প শেষে কোন অভ্যন্তরিন অডিট হয়নি। এ প্রকল্পে ২০১১-১২ হতে ২০১৩-১৪ সাল পর্যন্ত এক্সটার্নাল অডিট সফল ভাবে সম্পন্ন করা হলেও ২০১৪-১৫ অর্থ বছরের অডিট এখনও প্রক্রিয়াধীন রয়েছে। তাছাড়া ২০১৫-১৬ অর্থ বছরের অডিট এখনও সম্পন্ন করা হয়নি মর্মে পিসিআর পর্যালোচনায় দেখা যায়।

১৭.৪ নির্ধারিত সময়ে প্রকল্পের কার্যক্রম শুরু না হওয়া:

প্রকল্পটি প্রথম অনুমোদিত হয় ফেব্রুয়ারী ২০০৮- ফেব্রুয়ারী ২০১৩ মেয়াদের জন্য। কিন্তু প্রকল্পের সংশোধিত এডিপি বরাদ্দ প্রদান করা হয় ২০১০-১১ সাল থেকে যা পিসিআর এ প্রদর্শন করা হয়েছে। এ ক্ষেত্রে দেখা যায় যে, প্রকল্প শুরুর বৎসরের চেয়ে প্রায় দু'বছর পর বরাদ্দ প্রদান করা হয় ফলে প্রকল্পের কার্যক্রম দেরীতে শুরু করা হয় মর্মে প্রতীয়মান হয়েছে।

১৭.৫ বৈদেশিক সাহায্য ব্যয় না হওয়া:

প্রকল্পটি অনুমোদন প্রক্রিয়া পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পটির প্রথম অনুমোদনের সময় প্রকল্প সাহায্য'র সংস্থান রেখে অনুমোদন করা হয়। পরবর্তীতে সর্বশেষ প্রকল্পটি আন্তঃখাত সমন্বয় করার সময় প্রকল্প সাহায্য শূণ্য রেখে শুধুমাত্র জিওবি অংশের টাকার সংস্থান রেখে অনুমোদন করা হয় এবং সে অনুযায়ী জিওবি অংশের সংস্থানকৃত অর্থ দ্বারাই প্রকল্পের কার্যক্রম পরিচালনা করে প্রকল্পটি সমাপ্ত করা হয়। প্রকল্প সাহায্য কি কারণে বাদ দেয়া হয়েছে তার কোন কারণ পিসিআর এ উল্লেখ করা হয়নি। ফলে প্রকল্প সাহায্য ব্যবহার না করার কারণে প্রকল্পের দাতা সংস্থার দ্বারা বাস্তবায়িত উদ্দেশ্য সফল হয়নি বলে প্রতীয়মান হয়েছে।

১৮. সুপারিশ/মতামত:

- ১৮.১ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকল্পে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলি বা পরিবর্তন না করে বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রকল্প পরিচালক নিয়োগে সচেষ্ট থাকা প্রয়োজন। প্রকল্পের প্রকল্প পরিচালক ও অন্যান্য জনবল জরুরী প্রয়োজন না হলে বদলী/পরিবর্তন না করার সুপারিশ করা হলে।
- ১৮.২ ভবিষ্যতে অন্য কোন প্রকল্পের বাস্তবায়নের ক্ষেত্রে যাতে সময় বেশী না লাগে এবং যথা সময়ে প্রকল্প শেষ করা যায় বা অস্বাভাবিক বিলম্ব না ঘটে সে বিষয়ে সংস্থা ও মন্ত্রণালয়কে সচেষ্ট থাকবে হবে।
- ১৮.৩ প্রকল্পের আওতায় প্রক্রিয়াধীন External Audit যথাশীঘ্র সম্পন্ন করতে হবে।
- ১৮.৪ টিপিপি তৈরীর সময় মেয়াদকাল নির্ধারণের সতর্ক হওয়া প্রয়োজন। টিপিপি অনুমোদন প্রক্রিয়া দীর্ঘায়িত হলে প্রকল্পের মেয়াদ পরিবর্তন করা যেতে পারে।
- ১৮.৫ ভবিষ্যতে যে কোন বৈদেশিক ফান্ডে বাস্তবায়িত প্রকল্প প্রণয়নের সময় দাতা সংস্থার নিয়ম-কানুন প্রকল্প শুরু হবার পূর্বে চুক্তিপত্রে উল্লেখ থাকতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সতর্কতা অবলম্বন করার জন্য বলা যেতে পারে।
- ১৮.৬ ভবিষ্যতে প্রকল্প প্রণয়নের সময় উদ্দেশ্য নির্ধারণের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সতর্কতা অবলম্বন করার নিমিত্ত সুপারিশ করা যেতে পারে।
- ১৮.৭ প্রকল্পের ডিপিপিতে বরাদ্দকৃত অর্থের গৃহীত কর্মকাণ্ড ও সুবিধাদির সঠিক ব্যবহার নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো।
- ১৮.৮ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী (অনুচ্ছেদ ১৮.১-১৮.৭ পর্যন্ত) গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

Raising Transparency in Textile and Garments Value Chains

-শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

- ১। প্রকল্পের নাম : **Raising Transparency in Garment and Textile value Chains**
- ২। প্রকল্পের অবস্থান : ঢাকা।
- ৩। বাস্তবায়নকারী সংস্থা : বাণিজ্য মন্ত্রণালয়।
- ৪। প্রশাসনিক মন্ত্রণালয় : বাণিজ্য মন্ত্রণালয়।
- ৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	মূল ব্যয়ের হ্রাস/বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৭০.০০	-	১৭০.০০	০১/০৯/১৫ হতে ৩০/৬/১৬	-	০১/০৯/১৫ হতে ৩০/৬/১৬	--	--

- ৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল।

(লক্ষ টাকায়)

অর্থনৈতিককোড /সাব-কোড	অঙ্গের বিবরণ	পরিমাণ (জনমাস)	ব্যয়		
			জিওবি	প্রঃসাঃ	মোট
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
ক) রাজস্ব খাত: জনবল					
৪৮৭৪	ইন্টারন্যাশনাল লং-টার্ম কনসালটেন্ট	১০	-	১৭.০০	১৭.০০
৪৮৭৪	ইন্টারন্যাশনাল লং-টার্ম কনসালটেন্ট	২২	-	৪৫.০০	৪৫.০০
৪৮৭৪	ন্যাশনাল এক্সপার্ট	৫	-	৬.০০	৬.০০
৪৮৭৪	ন্যাশনালশর্ট-টার্ম এক্সপার্ট/কনসালটেন্ট	২০	-	৩২.০০	৩২.০০
	উপমোট	৫৭	-	১০০.০০	১০০.০০
প্রজেক্ট একটিভিটিসাপোর্ট					
৫৯২১	ফাইনেন্সিং এগ্রিমেন্টস	থোক	-	৪.০০	৪.০০
৪৮৪০/৪৮৪২	স্থানীয়প্রশিক্ষন	৩টি	-	১০.০০	১০.০০
	ওয়ার্কশপ	৩টি	-	৬.০০	৬.০০
অর্থনৈতিককোড /সাব-কোড	অঙ্গের বিবরণ	পরিমাণ (জনমাস)	ব্যয়		
			জিওবি	প্রঃসাঃ	মোট

অর্থনৈতিককোড /সাব-কোড	অঙ্গের বিবরণ	পরিমাণ (জনমাস)	ব্যয়		
			জিওবি	প্রঃসাঃ	মোট
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
	বিদেশপ্রশিক্ষণ/এক্সপোজারভিজিট	১টি	-	১৫.০০	১৫.০০
৪৮০১	ভ্রমনভাতা (টিএ/ডিএসহ)	থোক	-	৬.০০	৬.০০
৪৮৭৪	এডমিনিস্ট্রিটিভস্টাফসাপোর্টটুকাউন্টারপার্ট	১১টি	-	৪.০০	৪.০০
	উপমোট		-	৪৫.০০	৪৫.০০
১৮০০/৬৮০৭	লোকালসাপ্লাইস ও বিবিধ (অফিসভাড়া, জ্বালানী, স্টেশনারী, যানবাহন, ভাড়া)	থোক	-	৬.০০	৬.০০
	ম্যানেজমেন্টচার্জ	থোক	-	১২.০০	১২.০০
উপমোট :			-	১৮.০০	১৮.০০
মোট (রাজস্বখাত):			-	১৬৩.০০	১৬৩.০০
(খ) মূলধনখাত: (মেটেরিয়ালসএন্ডইকুইপমেন্টস)					
৬৮১৫	কম্পিউটার্সএন্ডএক্সেসরিস	১সেট	-	১.০০	১.০০
৬৮১৯/৬৮২১	অফিসইকুইপমেন্ট (ফার্নিচারসহ)	থোক	-	২.০০	২.০০
	টেলিকমিউনিকেশনইকুইপমেন্ট	থোক	-	২.০০	২.০০
৬৮২৭	ইলেক্ট্রিকইকুইপমেন্ট	থোক	-	২.০০	২.০০
	উপ-মোট:		-	৭.০০	৭.০০
	মোট (মূলধনখাত)		-	৭.০০	৭.০০
	সর্বমোট (ক+খ)		-	১৭০.০০	১৭০.০০ (১০০%)

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণটিপিপি-র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্তবিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছেঃ

- প্রকল্পের টিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;

৯। প্রকল্পের মূল উদ্দেশ্য ও পটভূমিঃ

৯.১ প্রকল্পের মূল উদ্দেশ্যঃ

প্রস্তাবিত প্রকল্পের উদ্দেশ্য হল বাংলাদেশের পোশাক ও বস্ত্রশিল্পের প্রতিষ্ঠান সমূহের সামাজিক এবং পরিবেশ গত মান অনুসরণসহ এ শিল্পের সমগ্র সাপ্লাই চেইনের স্বচ্ছতা উন্নয়নে প্রতিবন্ধকতা দূরীকরণার্থে নিবিড় বিশ্লেষণ করা।

৯.২ গার্মেন্টস খাতে সাপ্লাই চেইনে বাংলাদেশ উৎপাদক হিসেবে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করলে ও গার্মেন্টস তৈরির Raw

Material থেকে ক্রেতাদেশসমূহের Customer preference, Shopping strategy বিষয়ে chains এর প্রতিবন্ধকতা সম্পর্কে যথাযথ জ্ঞান না থাকায় বাংলাদেশে এ খাতে value addition খুবই কম করে থাকে। ফলে বিপুল পরিমাণ আরএমজি রপ্তানি করেও তেমন লাভবান হয়না। এ কারনেই আলোচ্য প্রকল্প গ্রহণ করা হয়।

১০। প্রকল্পের অনুমোদনঃ

প্রকল্পটি জার্মান সরকারের অনুদানে জার্মান উন্নয়ন সংস্থা GIZ কর্তৃক বাস্তবায়নের জন্য ১৭০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে সেপ্টেম্বর ২০১৫ হতে জুন ২০১৬ পর্যন্ত মেয়াদকাল ধার্য করে বাণিজ্য মন্ত্রণালয়ের আওতায় গত ২৯/০৯/২০১৫ তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে প্রকল্পের প্রশাসনিক অনুমোদনের আদেশ জারির মাধ্যমে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুমোদন করা হয়।

১১। প্রকল্প এলাকা পরিদর্শনঃ

১১.১ প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ গোলাম সরওয়ার ২৪/১০/২০১৭ তারিখে ঢাকায় প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শন কালে প্রকল্প এ্যাডভাইজার জনাব মোঃ আফসার উদ্দিন ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন।

১১.২ প্রকল্পের কাজের বর্তমান অবস্থাঃ

প্রকল্পটি পর্যবেক্ষণ করে দেখা যায় যে , প্রকল্পটির টিপিপিতে প্রকল্পের যেউদ্দেশ্যে ছিল সেঅনুযায়ী দাতা সংস্থার সাথে সমন্বয় করে সকল কার্যক্রম বরাদ্দকৃত অর্থ ব্যয়ের মাধ্যমে সমাপ্ত করা হয়। যার ফলে প্রকল্পটির সঠিক উদ্দেশ্যে সফল হয়েছে মর্মে প্রতীয়মান হয়। তাছাড়া প্রকল্পটি নির্ধারিত সময়ে শুরু করে সম্পূর্ণ অর্থ ব্যয়ে যেযে কার্যক্রম গ্রহণ করা হয়েছিল সেবিষয়সমূহ পর্যালোচনা করা হয়। প্রকল্পটি জার্মান উন্নয়ন সংস্থা কর্তৃক শর্টটার্ম পরামর্শক ও লংটার্ম পরামর্শক দ্বারা উদ্দেশ্য অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং এর মাধ্যমে কিপরিমাণ সফল সুবিধা ভোগীরা পেয়েছে তাপর্যবেক্ষণ করা হয়। তাছাড়া এ প্রকল্পের মাধ্যমে কম্পিউটার সরঞ্জামাদিসহ অফিসইকুইপমেন্টসহ যেসমস্ত মালামাল ক্রয় করা হয়েছে এবং তাদ্বারা কিকি সুবিধা পাওয়া গেছে এবং মালামাল গুলির গুনগত মানসহ কোথায় কিঅবস্থায় ব্যবহৃত হচ্ছে বিষয়গুলি নিয়ে প্রকল্প সংশ্লিষ্টগণের সাথে মত বিনিময় করা হয়। এধরনের প্রকল্পগ্রহণের সিদ্ধান্ত ও সময় উপযোগী হয়েছে বলে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে। উপরোক্ত বিষয়সমূহই প্রকল্পের বর্তমান অবস্থা বলে প্রতীয়মান হয়েছে।

১১.৩ মন্ত্রণালয় হতে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে নীচে প্রকল্পের টিপিপিতে সংশোধিত এডিপিপিতে অর্থ বরাদ্দ, বাৎসরিক ব্যয় এবং বাস্তব অগ্রগতি প্রদর্শন করা হলো:

অর্থবছর	সংশোধিতএডিপিবরাদ্দ	ব্যয়	বাস্তবঅগ্রগতি
২০১৫-২০১৬	১৭০.০০	১৭০.০০	১০০%

১১.৪ পিসিআর -এ প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পের আওতায় ক্রয়কৃত কম্পিউটার যন্ত্রপাতি, আসবাবপত্রসহ অন্যান্য মালামালের তালিকা নিম্নরূপ:

Discription of Procurement (good/works/consultancy) as per bid documents	As per DPP	Contract ed Value	Invitaito n Date	contract signing /L.C Opening Date	As per Contra ct	Actual
(১)	(৩)	(৪)	(৫)		(৬)	
Computer in TPP Accessories, Office Equipments-Tele Comm, Cell Phones Electric Equipment	Approved	7.00	September 2015	November 2015	June 2016	June 2016

১২। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি:

প্রকল্পটি সেপ্টেম্বর ২০১৫ হতে জুন ২০১৬ পর্যন্ত ১৭০.০০ লক্ষ টাকা (সম্পূর্ণ প্রকল্প সাহায্য) প্রাক্কলিত ব্যয়ের মধ্যে জুন ২০১৬ পর্যন্ত ব্যয় হয়েছে ১৭০.০০ লক্ষ টাকা (১০০%)।

১৩.০ প্রকল্পের জনবল নিয়োগ:

প্রকল্পের পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে দুই জন শর্ট টার্ম বৈদেশিক পরামর্শক, দুই জন ন্যাশনাল শর্ট টার্ম পরামর্শক, দুই জন ইন্টারন্যাশনাল শর্ট টার্ম এক্সপার্টস, তিন জন রিচার্স এ্যাসোসিয়েট এবং দুই জন ন্যাশনাল এক্সপার্টস পরামর্শকসহ মোট ১১ জনকে নিয়োগ দেয়া হয়। এর মধ্যে ৬ জন পুরুষ ও ৫ জন মহিলা। প্রকল্প সমাপ্তিকালীন পর্যন্ত তারা প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রমের সাথে সম্পৃক্ত ছিল বলে জানা যায়।

১৪.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	জনাব মোসলেম উদ্দিন	প্রকল্প পরিচালক	খন্ডকালীন	০১/০৯/১৫ হতে ৩০/৬/১৬

১৫.০ প্রকল্পের প্রকিউরমেন্ট সম্পর্কিত তথ্য:

প্রকল্পের আওতায় প্রকিউরমেন্ট সংক্রান্ত বিধান যেমন: দরপত্র আহবান, বিভিন্ন কমিটি গঠন, দরপত্র মূল্যায়ন, কার্যাদেশ প্রদান ইত্যাদি প্রক্রিয়ায় পিসিআর-২০০৮ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।

১৬.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পনা	অর্জন
প্রস্তাবিত প্রকল্পের উদ্দেশ্য হল বাংলাদেশের পোশাক ও বস্ত্রশিল্পের প্রতিষ্ঠান সমূহের সামাজিক এবং পরিবেশ গত মান অনুসরণসহ এ শিল্পের সমগ্র সাপ্লাই চেইনের স্বচ্ছতা উন্নয়নে প্রতিবন্ধকতা দূরীকরণার্থে নিবিড় বিশ্লেষণ করা।	প্রস্তাবিত প্রকল্পের উদ্দেশ্য হল বাংলাদেশের পোশাক ও বস্ত্রশিল্পের প্রতিষ্ঠান সমূহের সামাজিক এবং পরিবেশ গত মান অনুসরণসহ এ শিল্পের সমগ্র সাপ্লাই চেইনের স্বচ্ছতা উন্নয়নে প্রতিবন্ধকতা দূরীকরণার্থে নিবিড় বিশ্লেষণ করা হয়েছে।

১৭.০ সাধারণ পর্যবেক্ষণ:

১৭.৩ প্রকল্পের অডিট নিষ্পত্তি নাহওয়া:

সমাপ্ত প্রকল্পের পিসিআর পর্যবেক্ষনে দেখা যায়, প্রকল্প চলাকালীন এবং প্রকল্প শেষে কোন ইন্টারন্যাশনাল ও এক্সট্রান্যাশনাল অডিট হয়নি। দ্রুত অডিট সম্পন্ন করে সংশ্লিষ্টগণকে অবহিতকরা প্রয়োজন বলে প্রতীয়মান হয়েছে।

১৭.৪ নির্ধারিত সময়ে প্রকল্পের কার্যক্রম শুরু ও শেষ হওয়া:

প্রকল্পটি যথাসময়ে শুরু ও শেষ করা হয়েছে। সেঅর্থে এ প্রকল্পটিকে একটি সফল প্রকল্প হিসেবে গণ্য করা যায়। পাশাপাশি এ ধরনের প্রকল্প গ্রহণে বাংলাদেশের পোশাক ও বস্ত্রশিল্পের প্রতিষ্ঠান সমূহের সামাজিক এবং পরিবেশ গত মান অনুসরণসহ এ শিল্পের সমগ্র সাপ্লাই চেইনের স্বচ্ছতা উন্নয়নে প্রতিবন্ধকতা দূরীকরণার্থে নিবিড় বিশ্লেষণ বিষয়ে গণসচেতনতা বৃদ্ধির বিষয়টি কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মনিটরিং আরও বেগবান করা প্রয়োজন।

১৮. সুপারিশ/মতামত:

- ১৮.১ প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রমের মাধ্যমে উদ্দেশ্যে বর্ণিত সেবাসমূহ নিশ্চিত করতে হবে;
- ১৮.২ প্রকল্পের আওতায় Internal/External Audit যথাশীঘ্র সম্পন্ন করতে হবে।
- ১৮.৩ প্রকল্পের টিপিপিতে বরাদ্দকৃত অর্থের গৃহীত কর্মকাণ্ড ও সুবিধাদির সঠিক ব্যবহার নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো।
- ১৮.৪ যথাসময়ে প্রকল্প শুরু ও শেষ করার জন্য প্রকল্পসংশ্লিষ্টগণকে ভবিষ্যতে দাতাসংস্থার সাথে সমন্বয় সাধনের মাধ্যমে প্রকল্প গ্রহণে উৎসাহ প্রদান করা যেতে পারে।
- ১৮.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত কম্পিউটার যন্ত্রপাতি ও অন্যান্য মালামালসমূহের সুষ্ঠু ও নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং কার্যকর রাখার জন্য সেগুলো সংস্থারটি ওইভুক্ত করে রাজস্ব বাজেটে বাৎসরিক পর্যায়ে বরাদ্দ রাখতে হবে।
- ১৮.৬ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী (অনুচ্ছেদ ১৮.১-১৮.৫ পর্যন্ত) গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।